

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫৪

১/ বিবিধ

আরবী

مروا أبا ثابت يتعود، قلت: يا سيدي! والرقى صالحة؟ فقال: لا رقية إلا في نفس،
أوحمة، أولدغة
ضعيف

أخرجه أبو داود (2 / 154) والحاكم (4 / 413) وأحمد (3 / 486) وابن السني (380)
من طريق عبد الواحد بن زياد: حدثنا عثمان بن حكيم: حدثني جدتي الرباب قالت:
سمعت سهل بن حنيف يقول: مررنا بسيل قد خلت فاغتسلت فيه فخرجت محموما،
فنما ذلك إلى رسول الله صلى الله عليه وسلم، فقال: فذكره. وقال الحاكم: " صحيح
الإسناد ". ووافقه الذهبي. وفيه نظر، فإن عثمان بن حكيم وجدته الرباب غير
مشهورين بالعدالة، وهما من المقبولين عند الحافظ في " تقريبه "، وذلك عند المتابعة،
كما نص عليه في المقدمة. وقد
توبعا على الشطر الثاني منه، فانظر " المشكاة " (4557 - 4559)

বাংলা

১৮৫৪। তোমরা আবু সাবেতকে নির্দেশ দাও সে যেন পানাহ চায়। আমি বললাম, হে আমার সরদার ঝাড়ফুক কি সঠিক? তিনি বললেনঃ চোখ (নয়র) লাগা, সাপের কামড় এবং বিচ্ছুর দংশন ছাড়া অন্য কিছুতে ঝাড়ফুক করা যায় না।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু দাউদ (২/১৫৪), হাকিম (৪/৪১৩), আহমাদ (৩/৪৮৬) ও ইবনুস সুন্নী (৩৮০) আব্দুল অহেদ ইবনু যিয়াদ সূত্রে উসমান ইবনু হাকীম হতে, তিনি তার দাদী রাবাব হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমি সাহল ইবনু হুনাইফ (রাঃ)-কে বলতে শুনেছিঃ আমরা বন্যার পানিকে অতিক্রম করছিলাম, তাতে নেমে গোসল করলাম। অতঃপর জ্বর নিয়ে বেরিয়ে আসলাম। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পৌছলে তিনি বললেনঃ ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ আর হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

এ সিদ্ধান্তের ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ উসমান ইবনু হাকীম এবং তার দাদী রাবাব ন্যায়পরায়ণতার দিক দিয়ে প্রসিদ্ধ নন। তারা উভয়েই হাফিয ইবনু হাজারের নিকট "আততাকরীব" গ্রন্থে মাকবুলদের অন্তর্ভুক্ত। অর্থাৎ মুতাবা'য়াত পাওয়া যাওয়ার সময়। যেমনটি তিনি ভূমিকার মধ্যে বলেছেন। আর তাদের উভয়েরই মুতাবা'য়াত করা হয়েছে দ্বিতীয় অংশের, প্রথম অংশের নয়। দেখুন "মিশকাত" (৪৫৫৭-৪৫৫৯)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72737>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন